

ছাত্রলীগের বয়কট

ব্রাহ্মণবাড়িয়া অনার্স কলেজের নির্বাচনে পূর্ণ প্যানেলে ছাত্রদল বিজয়ী

পূর্বাঞ্চল প্রতিনিধি : ব্রাহ্মণবাড়িয়া সরকারি
অনার্স কলেজ ছাত্র সংসদ নির্বাচনে
ছাত্রদলের প্রাক্তন-সানাউদ্দিন মিলল
পরিষদ পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে।

দীর্ঘ তিন বছর পর সোমবার অনুষ্ঠিত
ব্রাহ্মণবাড়িয়া সরকারি অনার্স কলেজের
ছাত্রসংসদ নির্বাচনে ব্যাপক কাপচুপি
ও অনিয়মের অভিযোগ করেছে ছাত্রলীগ ও
ছাত্র মোর্চার নেতবৃন্দ তাদের অভিযোগ
ছাত্রদলের কাডাররা প্রশাসনের সহায়তায়
ছাত্রদল বিরোধী ভোটারদের ভোট দিতে
দেয়নি। এমনকি ঐ ভোটারদের কাছ
থেকে আইডেন্টি কার্ড পর্যন্ত ছিনিয়ে
নিয়োগে।

এর প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ ও
ছাত্র মোর্চার প্রার্থী-সমর্থকরা সকালেই
নির্বাচন বয়কট করে শহরে বিক্ষোভ মিছিল
বের করে। বিক্ষোভকারীরা প্রশাসন ও
শিক্ষাকর্তৃকদের বিরুদ্ধে প্রোগান দেয়।

ছাত্র মোর্চার জি এস প্রার্থী কাউশার
আহমেদ জানান, বাইরে দিয়ে কড়াকড়ি
ঠিকই আছে ভেতরে সাধারণ ভোটাররা
ভোট দিতে পারেনি। ছাত্র মোর্চার সাহিত্য
সম্পদক পনের প্রার্থী ফরহাদ হোসেন
অভিযোগ করেন তাকে ভোট দিতে দেওয়া
হয়নি।

জেলা ছাত্রদলের সভাপতি শহীদুল্লাহ
একাদে বলেন, নির্বাচনে ভ্রাতৃবির আশঙ্কায়
ছাত্রলীগের প্রার্থীরা নির্বাচন বয়কট
করেছে। শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত
হয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া সরকারি অনার্স
কলেজের উপাধ্যক্ষ মজিবুর রহমান জানান,
নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।
তবে নেতারা কিছুটা সমস্যা সৃষ্টি করেছে।
কলেজ ক্যাম্পাসে আইনশৃঙ্খলা রক্ষার
কাজে নিয়োজিত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
আমিনুল ইসলাম জানান, কলেজের
আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ছিল।
তবে ভোট কক্ষের ফেডর কিছুটা সমস্যা
হয়েছে। সাধারণ ভোটারদের অভিযোগ
উড়িয়ে দেওয়া যায় না।